দৈনিক বাংলা

তারিখ ... 28 JUN 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

৯

10

# বৃহত্তর চট্টগ্রামে মাধ্যমিক পরীক্ষার্থী ৪৯ হাজার

চট্টগ্রাম, ২৭শে জুন (বাসস)।— আগামী ৩০শে জুন থেকে অনুষ্ঠিতব্য কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষায় বৃহত্তর চট্টগ্রাম জেলায় মোট ৪৮ হাজার ৭৭৮ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবে বলে আজ এখানে সরকারী সূত্র জানান।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ইতিমধ্যেই চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়িসহ ৪৯টি কেন্দ্রে সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার সকল

(শেষ পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

## বৃহত্তর চট্টগ্রামে

(প্রথম পৃষ্ঠার পর)

প্রস্তুতি সম্পন্ন করেছেন।

মোট পরীক্ষার্থীর ২১ হাজার ২০৪ জন, সমাজ বিজ্ঞান গ্রুপের এবং অবশিষ্ট পরীক্ষার্থী সাধারণ বিজ্ঞান গ্রুপের।

চট্টগ্রাম নগরীর ৬টি কেন্দ্রে মোট ৭ হাজার ২৩৩ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

এসএসসি পরীক্ষা গত ২রা মে থেকে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু ২৯শে এপ্রিল প্রলয়ংকরী ঘূর্ণিঝড় ও সামুদ্রিক জলোচ্ছ্বাসের কারণে এই তারিখ পরিবর্তন করে ৩০শে জুন নির্ধারণ করা হয়। ঘূর্ণিঝড় ও সামুদ্রিক জলোচ্ছ্বাসে প্রায় সব শিক্ষা প্রতিষ্ঠান ও পরীক্ষার্থী ক্ষতিগ্রস্ত হয়।